

# মডেল টেস্ট- ৫


গণিত

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান- ১০০

[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

- ১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :  $1 \times 28 = 28$
১. একটি সাইকেলের দাম ৫৮২৫ টাকা। এরূপ ১০টি সাইকেলের দাম কত?  
ক) ৫০৮২৫ টাকা                      খ) ৫৮০২৫ টাকা  
গ) ৫৮২০৫ টাকা                      ঘ) ৫৮২৫০ টাকা
২. পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ। পিতার বয়স ৩০ বছর হলে, পুত্রের বয়স কত?  
ক) ৫ বছর                      খ) ৭ বছর                      গ) ১০ বছর                      ঘ) ১৫ বছর
৩. কোনো ভাগ অঙ্কে ভাজ্য ১৯৫০। ভাগফল ৭৮ হলে, ভাজক কত?  
ক) ২৪                      খ) ২৫                      গ) ২৬                      ঘ) ২৭
৪. একটি ছাত্রাবাসে ৪০ জন ছাত্রের ২০ দিনের খাদ্য আছে। তাহলে ৫০ জন ছাত্রের ঐ খাদ্যে কত দিন চলবে?  
ক) ২৬ দিন                      খ) ২৪ দিন                      গ) ১৮ দিন                      ঘ) ১৬ দিন
৫. তিনটি আম গাছের প্রত্যেকটি থেকে ৮টি করে আম পেড়ে ৪ বন্ধু সমানভাবে ভাগ করে নিলে প্রত্যেকে কয়টি করে আম পাবে তা বের করতে নিচের কোনটি অনুসরণ করবে?  
ক)  $৩ + ৮ \times ৪$                       খ)  $৮ \times ৩ \div ৪$   
গ)  $(৮ + ৩) \times ৪$                       ঘ)  $(৩ \times ৮) \div ৪$
৬.  $(ক \div ৬) + ৫ = ১২$ ; এখানে উক্তিটিতে ক এর স্থলে কত হবে?  
ক) ১২                      খ) ২৪                      গ) ৩৬                      ঘ) ৪২
৭. ১৮, ২৪, ৩০, ৩৬ দ্বারা নিঃশেষে বিভাজ্য সংখ্যাটি কোন প্রক্রিয়ায় নির্ণয় করা যায়?  
ক) গড়                      খ) লসাগু                      গ) গসাগু                      ঘ) সরল
৮.  $\frac{২}{৫}$  ও  $\frac{৩}{৪}$  ভগ্নাংশ দুইটিকে কত হরবিশিষ্ট ভগ্নাংশে পরিণত করলে সমহরবিশিষ্ট হবে?  
ক) ১৬                      খ) ২০                      গ) ২৫                      ঘ) ২৮
৯.  $\frac{৭}{৩}$  কে মিশ্র ভগ্নাংশে রূপান্তর করলে নিচের কোনটি হবে?  
ক)  $১\frac{৪}{৩}$                       খ)  $২\frac{১}{৩}$                       গ)  $২\frac{৩}{২}$                       ঘ)  $১\frac{৩}{৪}$
১০.  $০.০৪ \times ০.০০৪ \times ২৫ =$  কত?  
ক) ০.৪                      খ) ০.০৪                      গ) ০.০০৪                      ঘ) ০.০০০৪
১১. ১ ইঞ্চি সমান ২.৫৪ সেন্টিমিটার হলে, ৬.৫ ইঞ্চিতে কত সেন্টিমিটার?  
ক) ১৬.৫১                      খ) ১৫.৬১                      গ) ১৫.১৬                      ঘ) ১১.৫৬



১২. মিনা ও তার বন্ধুদের বয়সের সমষ্টি ৬০ বছর। তাদের বয়সের গড় ১২ বছর। মিনাদের কতজন বন্ধুর বয়সের সমষ্টি উল্লেখ করা হয়েছে?  
 (ক) ৩ (খ) ৪ (গ) ৫ (ঘ) ৬
১৩. বার্ষিক পরীক্ষায় সুমি ৮০০ নম্বরের মধ্যে ৫২০ নম্বর পেল। সে শতকরা কত নম্বর পেল?  
 (ক) ৬০% (খ) ৬৫% (গ) ৭০% (ঘ) ৮৫%
১৪. সোনাপুর গ্রামের  $\frac{১৮}{২৫}$  অংশ শিক্ষিত লোক আছে। ঐ গ্রামে শতকরা কতজন শিক্ষিত লোক আছে?  
 (ক) ৭০% (খ) ৭২% (গ) ৮৭% (ঘ) ৯০%
১৫. নিচের চিত্রগুলোর মধ্যে কোন সাধারণ বৈশিষ্ট্য বিদ্যমান?  
  
 (ক) বাহুগুলো সমান (খ) কর্ণদ্বয় সমান  
 (গ) কোণগুলো সমান (ঘ) বিপরীত বাহুগুলো সমান
১৬. কখ বৃত্তের একটি জ্যা। এটি কেন্দ্র দিয়ে যায়। নিচের কোনটি সঠিক?  
 (ক) কখ সবচেয়ে বড় জ্যা (খ) কখ সবচেয়ে ছোট জ্যা  
 (গ) কখ ব্যাসার্ধের অর্ধেক (ঘ) কখ ব্যাসার্ধের তিন গুণ
১৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২৫ সে. মি. ও প্রস্থ ২০ সে. মি.। এর ক্ষেত্রফল কত?  
 (ক) ৫০০ বর্গ সেমি (খ) ৬২০ বর্গ সেমি  
 (গ) ৮০০ বর্গ সেমি (ঘ) ৮৩০ বর্গ সেমি
১৮. ২০১১ ইংরেজি সালের ফেব্রুয়ারি মাস কত দিনে?  
 (ক) ২৮ দিন (খ) ২৯ দিন (গ) ৩০ দিন (ঘ) ৩১ দিন
১৯. রবিন ১৩টা ৫০ মিনিটে বাড়ির দিকে রওনা হয় এবং ১৮টা ১০ মিনিটে বাড়ি পৌঁছে। তার বাড়ি যেতে কত সময় লাগে?  
 (ক) ১০ ঘণ্টা ৪০ মিনিট (খ) ৮ ঘণ্টা ৪০ মিনিট  
 (গ) ৬ ঘণ্টা ২০ মিনিট (ঘ) ৪ ঘণ্টা ২০ মিনিট
২০. রসুলপুর গ্রামের আয়তন ৪ বর্গ কিলোমিটার। সেখানে ৩২০০ লোক বাস করলে জনসংখ্যার ঘনত্ব কত?  
 (ক) ৫০০ জন/বর্গ কিমি (খ) ৬০০ জন/বর্গ কিমি  
 (গ) ৮০০ জন/বর্গ কিমি (ঘ) ১০০০ জন/বর্গ কিমি
২১. নিঃশেষে বিভাজ্যের ক্ষেত্রে ভাজ্য = কী?  
 (ক) ভাজক  $\times$  ভাগফল (খ) ভাজক  $\div$  ভাগফল  
 (গ) ভাজক  $+$  ভাগফল (ঘ) ভাজক  $-$  ভাগফল
২২. লসাগু এর পূর্ণাঙ্গ রূপ কোনটি?  
 (ক) গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (খ) লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক  
 (গ) লঘিষ্ঠ সাধারণ গুণিতক (ঘ) গরিষ্ঠ সাধারণ গুণিতক
২৩. কোনো রাশির গড় মান জানা থাকলে রাশিগুলোর সমষ্টি নির্ণয় করতে কোনটি জানা প্রয়োজন?  
 (ক) রাশিগুলোর বিয়োগফল (খ) রাশিগুলোর গুণফল  
 (গ) রাশিগুলোর ভাগফল (ঘ) রাশিগুলোর সংখ্যা
২৪. কোন ক্ষেত্রে লাভ হয়?  
 (ক) ক্রয়মূল্য  $>$  বিক্রয়মূল্য (খ) বিক্রয়মূল্য  $>$  ক্রয়মূল্য  
 (গ) ক্রয়মূল্য  $=$  বিক্রয়মূল্য (ঘ) ক্রয়মূল্য  $\geq$  বিক্রয়মূল্য



- ২। সংক্ষেপে উত্তর দাও : ১ × ১০ = ১০
- (ক) রায়হান সাহেবের ১০ দিনের আয় ৩০০০ টাকা হলে, তার দৈনিক আয় কত?
- (খ) প্রতীকের সাহায্যে প্রকাশ কর।  
মৌ এর বয়সকে দ্বিগুণ করে তার সাথে ৫ বছর যোগ করলে যোগফল ২৫ বছরের সমান হবে।
- (গ)  $\frac{১}{১৮}$ ,  $\frac{৫}{১৮}$  ও  $\frac{১১}{১৮}$  ভগ্নাংশগুলোর যোগফল কত?
- (ঘ) ১ মিটার ৩৯.৩৭ ইঞ্চির সমান হলে ১০০ মিটারে কত ইঞ্চি?
- (ঙ) একজন সরকারি কর্মকর্তা মূল বেতনের ৫৫% বাড়ি ভাড়া পান। তিনি বেতনের কত অংশ বাড়ি ভাড়া পান?
- (চ) চতুর্ভুজের চারটি কোণের সমষ্টি কত ডিগ্রি?
- (ছ) দৈর্ঘ্য পরিমাপের মূল এককের নাম কী?
- (জ) আন্তর্জাতিক বা ইংরেজি মতে কখন থেকে দিন ও তারিখ শুরু হয়?
- (ঝ) জনসংখ্যার ঘনত্ব নির্ণয়ের সূত্র লেখ।
- (ঞ) কম্পিউটার, ক্যালকুলেটরের তুলনায় কী করতে পারে?
- ৩। বাংলা বইতে ২০০টি এবং গণিত বইতে ২১৬টি পৃষ্ঠা আছে। বাংলা বইটির মূল্য ১০০ টাকা। ফর্মা প্রতি বই দুইটির মূল্য সমান।
- (ক) বাংলা বই অপেক্ষা গণিত বইতে কয় পৃষ্ঠা বেশি আছে? ২
- (খ) বাংলা বইটিতে ফর্মা সংখ্যা কত? ২
- (গ) গণিত বইটিতে ফর্মা সংখ্যা কত? ২
- (ঘ) বই দুইটির মোট মূল্য হিসাব কর। ২

**অথবা,**

একজন ঠিকাদারের সাথে একটি পুকুর খনন করার জন্য ২৫ দিনের চুক্তি হলো। ঠিকাদার কাজটি করার জন্য ২০০ জন লোক নিযুক্ত করলেন। ১৫ দিনে পুকুরটির অর্ধেক কাজ সম্পন্ন হলো।

- (ক) আর কত দিনের মধ্যে কাজটি শেষ করতে হবে?
- (খ) সম্পূর্ণ কাজ শেষ করতে কতদিন লাগবে?
- (গ) নির্ধারিত সময়ে কাজটি সম্পন্ন করতে কতজন লোক লাগবে?
- (ঘ) নির্ধারিত সময়ে কাজটি শেষ করতে অতিরিক্ত কত জন লোক নিয়োগ করতে হবে এবং তা না করলে কাজটি করতে কত দিন দেরি হবে?

- ৪। গণিতের শিক্ষক ক্লাসে ২০, ২৫, ৪০ সংখ্যা তিনটি বোর্ডে লিখে ছাত্রছাত্রীদের গসাগু নির্ণয় করতে বললেন।

- (ক) ৫০ এর গুণনীয়ক কত? ২
- (খ) সংখ্যা তিনটির গসাগু নির্ণয় কর। ২
- (গ) সংখ্যা তিনটির লসাগু কত? ২
- (ঘ) একটি ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যাকে ২০, ২৫, ৪০ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১৫, ২০, ৩৫ অবশিষ্ট থাকে। ২

**অথবা,**

আব্দুর রহিমের বাবা বৃক্ষমেলা থেকে ৫৭টি ফলজ ও ৮৭টি কাষ্ঠল গাছের চারা কিনলেন।

- (ক) ফলজ চারাগাছের সংখ্যা গুণনীয়কগুলো কী কী?
- (খ) ফলজ ও কাষ্ঠলগাছের চারা সংখ্যার পার্থক্যের গুণনীয়কগুলো কী কী?
- (গ) চারাগাছগুলো সর্বাধিক কতজন লোকের মধ্যে ভাগ করে দেওয়া যাবে?
- (ঘ) ফলজ চারাগাছ প্রতি সারিতে ৫, ৭, ৮, ১০, ১২ ও ১৫টি করে লাগালে ন্যূনতম চারা সংখ্যা কত হবে?



- ৫। একটি চালের দোকানে ২৬০ কেজি চাল ছিল। দোকানদার তার চালের  $\frac{৩}{৫}$  অংশ বিক্রি করার পর অবশিষ্ট চাল সমান চার ভাগে ভাগ করে চারটি বস্তায় রেখে দিলেন। প্রতি কেজি চালের দাম ৪০ টাকা।
- (ক) দোকানদার কত কেজি চাল বিক্রি করলেন? ২  
 (খ) কত কেজি চাল অবশিষ্ট রইল? ২  
 (গ) প্রতি বস্তায় রাখা চালের দাম কত? ২  
 (ঘ) অবশিষ্ট চালের দাম বিক্রিত চালের চেয়ে কত কম? ২

অথবা,

একটি আয়তাকার বোর্ডের দৈর্ঘ্য  $১\frac{৩}{৪}$  মি ও প্রস্থ  $১\frac{২}{৫}$  মি।

- (ক) বোর্ডটির দৈর্ঘ্য ও প্রস্থকে অপ্রকৃত ভগ্নাংশে প্রকাশ কর।  
 (খ) বোর্ডটির ক্ষেত্রফল কত?  
 (গ) এটির দৈর্ঘ্যের সমান বাহুবিশিষ্ট বর্গের ক্ষেত্রফল নির্ণয় কর।  
 (ঘ) এটির প্রস্থের সমান বাহুবিশিষ্ট বর্গের ক্ষেত্রফল 'গ' এর ক্ষেত্রফল থেকে কত কম?
- ৬। ৫টি ওয়ানডে ক্রিকেট ম্যাচের সিরিজে নাসিরের সংগৃহীত রান যথাক্রমে ৬০, ৩০, ০, ৪৫ ও ১৫।
- (ক) প্রথম তিন ম্যাচের রানের গড় কত? ২  
 (খ) শেষ তিন ম্যাচের রানের গড় কত? ২  
 (গ) ১ম, ৩য় ও ৫ম ম্যাচের রানের গড় কত? ২  
 (ঘ) ঐ সিরিজে নাসিরের রানের গড় কত? ২

অথবা,

সাতটি সংখ্যার যোগফল ৪০৬। এদের প্রথম তিনটি সংখ্যার গড় ৫৬ এবং শেষের তিনটি সংখ্যার গড় ৫৮।


(ক) সাতটি সংখ্যার গড় কত হবে?  
 (খ) সাতটি সংখ্যার গড় প্রথম তিনটি সংখ্যার গড় থেকে কত বেশি?  
 (গ) শেষ চারটি সংখ্যার যোগফল বের কর।  
 (ঘ) চতুর্থ সংখ্যাটি নির্ণয় কর।

- ৭। রেজার ওজন ৩৬.৫ কেজি, তার ভাই এবং বাবার ওজন যথাক্রমে তার ওজনের ০.৮ গুণ এবং ১.৬ গুণ। তার ভাই এবং বাবার ওজন নির্ণয় কর। ৮

অথবা,

রবিবার কোনো বিদ্যালয়ে ৮০ জন শিক্ষার্থীর ৩০% অনুপস্থিত। ওই দিন উপস্থিত শিক্ষার্থীর সংখ্যা কত?


- ৮। (ক) নিচের চিত্রে চতুর্ভুজের কর্ণগুলো দেওয়া আছে। চতুর্ভুজগুলো আঁক এবং কোনটি কোন ধরনের চতুর্ভুজ তা লেখ। ৪



- (খ) চিত্রসহ বৈশিষ্ট্য লেখ (যেকোনো দুইটি) :  $৩ \times ২ = ৬$   
 সামান্তরিক, বৃত্ত, ব্যাস।



৯।



চিত্রে কখ, খগ, গঘ ও কঘ এর মধ্যবিন্দু যথাক্রমে ঙ, চ, ছ ও জ।

- (ক) কঙ এর দৈর্ঘ্য কত? ২  
 (খ) কঙজ ক্ষেত্রটির ক্ষেত্রফল কত? ২  
 (গ) কখগঘ এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
 (ঘ) কখগঘ এর ক্ষেত্রফল ঙচছজ এর ক্ষেত্রফলের চেয়ে কত বেশি? ২

অথবা,

একটি জগে ২ লিটার পানি ধরে। একটি বালতি থেকে ২০০ মিলি ধারণ ক্ষমতার একটি মগ দিয়ে পানি নিয়ে জগটি পানিতে পূর্ণ করা হলো।

- (ক) জগটিতে কত মিলি পানি ধরে?  
 (খ) জগটি কত মগ পানি দিয়ে পূর্ণ করা হলো?  
 (গ) জগটির ধারণ ক্ষমতা মগটির ধারণ ক্ষমতার চেয়ে কত বেশি?  
 (ঘ) উক্ত জগ ও মগে মোট কত ঘনমিটার পানি ধরে?

১০। ২৫৮৫০ মিনিটকে বছর, মাস, দিন ইত্যাদিতে প্রকাশ কর।


অথবা,

নিচের খালি ঘরগুলো পূরণ কর এবং স্তম্ভলেখ আঁক।


বাসায় পড়ালেখার সময়

সময় (মিনিট)	শ্রেণি	
	৪	৫
০-১৯		
২০-৩৯		
৪০-৫৯		
৬০-৭৯		
৮০-৯৯		
১০০-১১৯		
মোট		

বাসায় পড়ালেখার সময় (৪র্থ শ্রেণি)



বাসায় পড়ালেখার সময় (৫ম শ্রেণি)



### মডেল টেস্ট-৫ এর উত্তরমালা

- ১। ১. ঘ; ২. গ; ৩. ঝ; ৪. ঘ; ৫. ঘ; ৬. ঘ; ৭. ঝ; ৮. ঝ; ৯. ঝ;  
 ১০. গ; ১১. ক; ১২. গ; ১৩. ঝ; ১৪. ঝ; ১৫. ঘ; ১৬. ক; ১৭. ক;  
 ১৮. ক; ১৯. ঘ; ২০. গ; ২১. ক; ২২. গ; ২৩. ঘ; ২৪. ঝ।
- ২। (ক) ৩০০ টাকা; (খ) মৌ এর বয়স ক বছর হলে—  $k \times 2 + 5 = 25$ ;  
 (গ)  $\frac{19}{18}$ ; (ঘ) ৩৯৩৭ ইঞ্চি; (ঙ)  $\frac{11}{20}$ ; (চ) ৩৬০; (ছ) মিটার;  
 (জ) রাত ১২ টার পর থেকে; (ঝ) জনসংখ্যার ঘনত্ব = জনসংখ্যা ÷  
 আয়তন; (ঞ) বড় ধরনের গণনা করতে পারে।